**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 17.03.24** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গে সাত দফায় লোকসভা ভোটের নির্ঘন্ট ঘোষিত। ভোটগ্রহণ প্রক্রিয়া শুরু ১৯ শে এপ্রিল। সপ্তম দফার ভোট পয়লা জুন।

২) রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, প্রথম দফার ভোটে মতোয়েন করা হবে আড়াইশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

৩) ভোটে সমাজমাধ্যমের ওপর নজরদারি চালাতে কলকাতা পুলিশের বিশেষ সেল গঠিত।

৪) পূর্বরেলের শিয়ালদা ডিভিশনের আধুনিকীকরণের কাজের জন্য আজ সারাদিনই ট্রেন চলাচল নিয়ন্ত্রিত থাকবে। বাতিল করা হয়েছে বেশ কিছু লোকাল ও তিনটি এক্সপ্রেস ট্রেন।

৫) আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে আগামী বুধবার পর্যন্ত বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টি হবে। আজ সারাদিনই দক্ষিণবঙ্গের আকাশ মেঘলা থাকার সম্ভাবনা।

---

নির্বাচন কমিশন, লোকসভা ভোটের দিনক্ষণ ঘোষণা করেছে। ১৯ শে এপ্রিল থেকে পয়লা জুন পর্যন্ত ভোট হবে সাত দফায়। চৌঠা জুন ভোট গণনা। এই নির্ঘন্ট

ঘোষণার সঙ্গে সঙ্গেই আদর্শ আচরণ বিধি বলবত্‍ হয়েছে। একইসঙ্গে হবে অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ, সিকিম ও ওড়িশা বিধানসভার নির্বাচন। পাশাপাশি ২৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনেও ভোট নেওয়া হবে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের বরানগর ও ভগবানগোলা বিধানসভা কেন্দ্র। তাপস রায়ের ইস্তফায় বরানগর এবং ইদ্রিস আলির মৃত্যুতে ভগবানগোলা আসনটি শূন্য হয়।

পশ্চিমবঙ্গের ৪২ টি আসনে ভোট নেওয়া হবে সাত দফায়। **প্রথম দফায় ১৯ শে** এপ্রিল কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি, **দ্বিতীয় দফায়** ২৬ শে এপ্রিল দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট, **তৃতীয় দফায়** ৭ ই মে মালদা উত্তর, দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদ এবং **চতুর্থ দফায়** ১৩ ই মে বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বোলপুর ও বীরভূম লোকসভা কেন্দ্রে হবে ভোট গ্রহণ। **পঞ্চম দফায়** ২০শে মে বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেরিয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ, ২৫ শে মে **ষষ্ঠ দফায়** তমলুক, কাঁথি, ঘাটাল, ঝাড়গ্রাম, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও বিষ্ণুপুর এবং পয়লা জুন **সপ্তম তথা শেষ দফায়** দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও দক্ষিণ লোকসভা কেন্দ্রে ভোট নেওয়া হবে।

---

তৃণমূল কংগ্রেস বলেছে, বাংলায় সাত দফায় নির্বাচনের কোনো প্রয়োজন ছিলনা। দলের মুখপাত্র, মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, নির্বাচন কমিশনের কাছে এক দফায় ভোট করানোর দাবি জানিয়েছিল তৃণমূল কংগ্রেস। তার পেছনে সঙ্গত কারণও ছিল। কিন্তু ভোটের দিনক্ষণ স্থির করেছে কমিশন। দল চায় নির্বান অবাধ ও সুষ্ঠু হোক।

অন্যদিকে বিজেপি সাত দফায় নির্বাচনকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, এর ফলে পর্যাপ্ত সংখ্যায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। পেশি শক্তির প্রয়োগ ঠেকাতে কমিশনের পদক্ষেপের আশ্বাসেও সন্তোষ প্রকাশ করেছেন তিনি।

দলের রাজ্যসভার সাংসদ তথা মুখপাত্র শমীক ভট্টাচার্যও বলেছেন, এরাজ্যের নির্বাচনী হিংসার ইতিহাসের প্রেক্ষিতে সাত দফায় নির্বাচনের সিদ্ধান্ত যথাযথ।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, ভোটে হিংসা রুখতে কমিশন কার্যকরী ভূমিকা নেবে বলে তিনি আশা করেন।

সিপিআইএম রাজ্য সম্পাদক সেলিমের মতে শুধু দফা বাড়ালেই হবে না, গুন্ডারাজ দমন করতে হবে। ইভিএম-এর সুরক্ষা নিয়েও আশঙ্কা প্রকাশ করেছেন তিনি।

---------------------

দুই নতুন নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও সুখবীর সিং সান্ধুকে পাশে নিয়ে গতকাল অষ্টাদশ লোকসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার। তিনি জানান, মোট ভোটারের সংখ্যা প্রায় ৯৭ কোটি। এর মধ্যে নতুন ভোটার এক কোটি ৮২ লক্ষ। নির্বাচনে পেশী ও অর্থ শক্তির প্রয়োগ, ভুল তথ্য প্রচার এবং আদর্শ আচরণ বিধি লঙ্ঘন রুখতে কমিশন গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথাও জানান রাজীব কুমার।

বাইট (মানি মাসল পাওয়ার)

ভোটের প্রচারের সময়ে সংযত থাকার এবং শালীনতা বজায় রাখার জন্য মুখ্য নির্বাচন কমিশনার সমস্ত রাজনৈতিক দল ও প্রার্থীদের প্রতি আবেদন জানান। তিনি

বলেন, সামাজিক মাধ্যমে বিভিন্ন ধরনের উদ্দেশ্যমূলক অপপ্রচার বন্ধ করতে রাজ্য প্রশাসনকে বিশেষ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে কমিশন।

বাইট (সোশ্যাল মিডিয়া)

---------------------

রাজ্যে প্রথম দফার ভোটে আড়াইশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। প্রতিটি জেলায় কন্ট্রোল রুমে থাকবেন উচ্চ পদস্থ আধিকারিকরা। আগামীকাল সব জেলার নির্বাচনী আধিকারিক ও রিটার্নিং অফিসারদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। গতকাল সাংবাদিকদের তিনি জানান, সাত দফার ভোটে কোনোরকম অশান্তির ঘটনা বরদাস্ত করা হবে না। প্রথম দফার জন্য ২০ শে মার্চ এবং সপ্তম দফায় ৭ই মে নির্বাচনী বিজ্ঞপ্তি জারি করা হবে।

এদিকে, ভোটের নির্ঘন্ট ঘোষণা হতেই জেলায় জেলায় সরকারি অফিস ও ভবন থেকে রাজনৈতিক দলের পোস্টার, ব্যানার, ফেস্টুন, সরকারি প্রকল্পের হোর্ডিং সরানোর কাজ শুরু হয়েছে। সেই সঙ্গে জামিন-অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানাগুলি কার্যকর করার ওপরও জোর দেওয়া হয়েছে বলে আরিজ আফতাব জানিয়েছেন।

বাইট

---------------------

নির্বাচন কমিশনের নির্দেশে সমাজমাধ্যমের উপরে নজরদারি চালাতে কলকাতা পুলিশ বিশেষ সেল গঠন করেছে। সাইবার থানা ও স্পেশাল টাস্ক ফোর্সের নির্বাচিত কিছু অফিসার ও কর্মীকে নিয়ে গঠিত বারো জন সদস্যর এই সোশ্যাল মিডিয়া মনিটরিং

অ্যান্ড ম্যানেজমেন্ট সেল নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত কলকাতা পুলিশের বিভিন্ন সাইবার থানা থেকেই কাজ করবে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। কোনও ভুয়ো খবর, উস্কানিমূলক বক্তৃতা, রাজনৈতিক বা সাম্প্রদায়িক দিক থেকে আপত্তিকর কোনও বিষয়বস্তুর উপরে নজরদারি চালানোর পাশাপাশি এই ধরনের  পোস্ট দেখলে তা সরিয়ে দেওয়ার জন্য নোটিশ জারি করে এই সেল অভিযুক্তর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেবে।

---------------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশনে  রুট রিলে interlocking থেকে  ইলেকট্রনিক Interlocking  সিস্টেমে আধুনিক সিগন্যাল ব্যবস্থার পরিবর্তন ও আপগ্রেডেশনের জন্য আগামীকাল, ১৮ই মার্চ ভোর চারটে পর্যন্ত মোট ৫২ ঘণ্টা কাজ চলবে। এর ফলে আজ রবিবার পর্যন্ত  ট্রেন চলাচলে নিয়ন্ত্রন করা হচ্ছে বলে পূর্ব রেল সূত্রে জানানো হয়েছে । এই সময় কালে ৮৯২ টি EMU লোকাল এর মধ্যে প্রায় ১৪৩ টি EMU লোকাল  এবং তিনটি অসংরক্ষিত মেল এক্সপ্রেস--  শিয়ালদা - আসানসোল - শিয়ালদা ইন্টারসিটি এক্সপ্রেস,  শিয়ালদা - জঙ্গিপুর - শিয়ালদা এক্সপ্রেস এবং শিয়ালদা - সিউড়ি - শিয়ালদা এক্সপ্রেস বাতিল করা হচ্ছে। পাশাপাশি ৪৬ টি EMU লোকালকে দমদম ক্যান্টনমেন্ট স্টেশনে যাত্রা সংক্ষিপ্ত করা হবে। তবে, শিয়ালদা দক্ষিণ শাখায় ট্রেন চলাচলের সময়সূচি  অপরিবর্তিত  থাকবে।  ট্রেন চলাচলে নিয়ন্ত্রন করার কথা বিবেচনা করে অতিরিক্ত বাস পরিষেবা দেওয়ার জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের তরফে রাজ্যের পরিবহন সচিব ডক্টর সৌমিত্র মোহন কে চিঠি দেওয়া হয়েছে বলেও রেল সূত্রে জানানো হয়েছে।

---------------------

সন্দেশখালিতে গত ৫ই জানুয়ারি, ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় সিবিআই গতরাতে, শেখ শাহজাহানের ভাই শেখ আলমগীর সহ তিনজনকে গ্রেপ্তার করেছে। নিজাম প্যালেসে গতকাল দীর্ঘ ন'ঘন্টা ম্যারাথন জিজ্ঞাসাবাদের পর শেখ আলমগীর, এবং শাহজাহান ঘনিষ্ঠ মাফুজা মোল্লা ও সিরাজুল মোল্লাকে গ্রেপ্তার করা হয়। ধৃতদের রাতেই মেডিকেল টেস্টের পর নিজাম প্যালেসে নিয়ে যাওয়া হয়।

অন্যদিকে, ৫ই জানুয়ারির ঐ ঘটনার তদন্তে গতসন্ধ্যায়, সিবিআই আধিকারিকরা ন্যাজাট থানার রাজবাড়ি এলাকায় এক যুব তৃণমূল নেতা জয়ন্ত পাইকের বাড়ি এবং সরবেরিয়াতে শাহজাহান ঘনিষ্ঠ নাসির শেখ ও লক্ষণ সর্দারের বাড়ি যান। এদের কেউই বাড়িতে না থাকায়, তাদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা।

---------------------

কালিম্পংএর  পেডং থানা এলাকায় নিয়ং এ গতরাতে অগ্নিদগ্ধ হয়ে এক শিশু সহ একই পরিবারের তিনজনের মৃত্যু হয়েছে। দমকল সূত্রে জানা গেছে রাত বারোটা নাগাদ একটি কাঠের বাড়িতে আগুন লেগে যায়। দমকলের একটি গাড়ি আগুণ নেভানোর চেস্টা করে। শোওয়ার ঘর থেকে স্বামী স্ত্রী ও পাঁচ বছরের শিশুর দেহ উদ্ধার হয় ।কিভাবে আগুন লাগল তা তদন্ত করে দেখা হচ্ছে।

---------------------

দক্ষিণবঙ্গে আগামী বুধবার পর্যন্ত বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কলকাতা ছাড়াও ঝড়বৃষ্টি হবে উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়া, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামে। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক

৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি কম। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের থেকে এক ডিগ্রি নীচে, ২৩ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া দপ্তর থেকে আরও বলা হয়েছে, আজ সারাদিনই কলকাতা সহ দক্ষিণবঙ্গের আকাশ অংশত মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে কালবৈশাখী ঝড় হতে পারে।

এদিকে, গতকাল বিভিন্ন জেলা থেকে ঝড় ও বজ্র বিদ্যুত্‍ সহ বৃষ্টির খবর পাওয়া গেছে।

পশ্চিম বর্ধমানের কয়েকটি এলাকায় শিলাবৃষ্টি হয়েছে।

পুরলিয়ার মানবাজারের ভুড়াশোল গ্রামে একটি গোয়ালের ওপর বাজ পড়ায় তিনটি গরু ও একটি ছাগলের মৃত্যু হয়।

নদীয়া জেলার বিভিন্ন প্রান্তেও ঝড়বৃষ্টির খবর পাওয়া গেছে।

---------------------

পশ্চিম মেদিনীপুরের কেশিয়াড়ির নাপো এলাকায়, গত সন্ধ্যায়, হাতির আক্রমণে কেশিয়াড়ি হাইস্কুলের শিক্ষক বাদল দত্তর মৃত্যু হয়েছে।

জানা গেছে, মোটরসাইকেলে চেপে বাড়ি ফেরার সময়, ওই শিক্ষক রাস্তায় হঠাৎই হাতির সামনে পড়ে যান। এই সময়ে তিনি বাইক ফেলে ছুটে পালিয়ে যাওয়ার চেষ্টা করেন। কিন্তু, হাতি তাঁকে ধাওয়া করে আক্রমণ করে। ওই জনপ্রিয় শিক্ষকের মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

--------------------- ---------------------